**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ**
**সমবায় অধিদপ্তর**
**www.coop.gov.bd**

# নভেম্বর/২৩ মাসে অনুষ্ঠিত দ্বি-মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| **সভাপতি** | : | মুনিমা হাফিজ |
| | : | নিবন্ধক ও মহাপরিচালক |
| **তারিখ ও সময়** | : | ১৩-১১-২০২৩, দুপুর-০২.৩০ মি: |
| **স্থান** | : | সমবায় অধিদপ্তরের সম্মেলন কক্ষ 'পায়রা' |
| **উপস্থিত সদস্যবৃন্দ** | : | পরিষ্ট-'ক' দ্রষ্টব্য |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভার শুরুতে সভাপতি সমবায় অধিদপ্তরের সদ্য পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাদের অভিনন্দন ও শুভেচ্ছা জানান এবং ৫২তম জাতীয় সমবায় দিবস সফলভাবে উদযাপিত হওয়ায় সকলকে ধন্যবাদ জানান। সভাপতি এ পর্যায়ে যুগ্মনিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) কে আলোচ্যসূচি অনুযায়ী সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করেন। পরবর্তীতে নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী পর্যায়ক্রমে বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সর্বসম্মত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১. | **গত সভার কার্যবিবরণী অনুমোদন;** | গত ০৯/০৮/২০২৩ তারিখে অনুষ্ঠিত দ্বি-মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সকল সদস্যদের নিকট প্রেরণ করা হয় এবং সভায় উপস্থাপন করা হয়। কোন সংশোধনী প্রস্তাব পাওয়া যায়নি। | ১. গত ০৯/০৮/২০২৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন প্রস্তাব না থাকায় কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা হল। | সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ০২. | **বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ইউনিয়ন) এর কার্যক্রম সংক্রান্ত;** | মিল্ক ইউনিয়ন এর মহাব্যবস্থাপক (প্লানিং) জনাব মোহাম্মদ মকবুল হোসেন সভায় জানান ২০২২-২৩ অর্থবছরে দুগ্ধ সংগ্রহের লক্ষ্যমাত্রা অনুযায়ী সংগ্রহ করা হচ্ছে। বর্তমানে প্রতিদিন প্রায় সোয়া লক্ষ লিটার করে দুগ্ধ সংগ্রহ করা সম্ভব হচ্ছে। ২০২৩-২৪ অর্থবছরের অক্টোবর/২৩ পর্যন্ত আয়-ব্যয়ের হিসাব প্রেরণ করা হয়েছে।<br><br>'বৃহত্তর দিনাজপুর-রংপুর জেলায় দুগ্ধ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে দুধালো গাভীর জাত উন্নয়ন ও দুগ্ধের বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণে প্রক্রিয়াজাতকরণ কারখানা স্থাপন' এবং 'গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়ায় মিল্ক ভিটার গবাদি পশুর ঔষধ উৎপাদন কারখানা স্থাপন' শীর্ষক প্রকল্প দুইটি জুলাই' ২০২৩ হতে জুন' ২০২৬ মেয়াদে বাস্তবায়নের প্রস্তাব রয়েছে। 'মিল্কভিটা শক্তিশালীকরণ' প্রকল্পের ডিপিপি প্রণয়নেরকাজ চলমান রয়েছে।<br><br>'বৃহত্তর ফরিদপুরের চরাঞ্চল এবং পার্শ্ববর্তী এলাকায় গবাদি পশুর জাত উন্নয়ন ও দুগ্ধের বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণ কারখানা স্থাপন' প্রকল্প (১ম সংশোধিত) বর্তমানে বাস্তবায়নাধীন আছে। ১ম ও ২য় কিস্তির অর্থ ছাড় করার জন্য পত্র দেয়া হয়েছে। | ১. প্রতি দ্বি-মাসিক সমন্বয় সভায় বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড(মিল্ক ইউনিয়ন) এর কার্যক্রমের অগ্রগতি উপস্থাপন করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড। |
| | | | ২. আয়-ব্যয়ের হিসাব নিয়মিতভাবে সমবায় অধিদপ্তরের কৃষিজ শিল্প শাখায় প্রেরণ করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড। |
| | | | ৩. পাইপলাইনে থাকা প্রকল্প অনুমোদনের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড। |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | বর্তমানে ৬২টি চিলিং প্লান্ট রয়েছে এবং আরো ১৫টি চিলিং প্লান্ট স্থাপনের বিষয়ে ফিজিবিলিটি ষ্টাডি করা হয়েছে। ৩টি চিলিং প্লান্ট স্থাপনের কাজ চলমান রয়েছে। পর্যায়ক্রমে অন্যান্য চিলিং প্লান্ট স্থাপন করা হবে।<br><br>মিল্ক ইউনিয়নের বিপণন ব্যবস্থার উন্নয়নে কার্যকর ব্যবস্থা গ্রহণের অংশ হিসেবে বিপণন বিভাগে ০৬জন কর্মকর্তা নিয়োগ দেয়া হয়েছে এবং বিপণন বিভাগে ০১জন বিপণন পরামর্শক নিয়োগ চুড়ান্ত পর্যায়ে রয়েছে। এছাড়াও স্বল্প মেয়াদী, মধ্য মেয়াদী ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। নতুন নতুন বিক্রয় কেন্দ্র স্থাপন করাসহ ২৬জন কর্মচারী নিয়োগ দেয়া হয়েছে। পর্যায়ক্রমে সামগ্রীক বিপণন কার্যক্রম জোরদার করা হচ্ছে।<br><br>বিভাগীয় যুগ্মনিবন্ধক, রাজশাহী সভায় জানান, রাজশাহী বিভাগে ভোক্তাদের মধ্যে মিল্কভিটার পণ্যের ব্যাপক চাহিদা থাকা সত্ত্বেও মিল্কভিটার পণ্যের বিপণন করা হচ্ছে না। এতে করে ভোক্তারা মিল্কভিটার পণ্য সংগ্রহ করতে পারছে না। রাজশাহী বিভাগে মিল্কভিটার পণ্য সরবরাহের উদ্যোগ গ্রহণ বিষয়ে মিল্ক ইউনিয়ন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন। | ৪. মিল্ক ইউনিয়নের চলমান প্রকল্পটি যথাযথভাবে পরিচালনা করতে হবে। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য শতভাগ পূরণ করতে সচেষ্ট হতে হবে।<br><br>৫. রাজশাহী বিভাগসহ যে সকল বিভাগে বা জেলায় মিল্কভিটার পণ্যের চাহিদা রয়েছে, সে সকল বিভাগে বা জেলায় পরিবেশক নিয়োগ বা বিক্রয় কেন্দ্র স্থাপনের মাধ্যমে পণ্য সরবরাহের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড<br><br>ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড |
| ০৩. | **বাংলাদেশ সমবায় ব্যাংক লি: এর কার্যক্রম সংক্রান্ত;** | উপমহাব্যবস্থাপক, বাংলাদেশ সমবায় ব্যাংক লি: জানান, ২০২৩-২০২৪ অর্থবছরের জুলাই হতে অক্টোবর/২০২৩ পর্যন্ত কৃষি ঋণ ও পল্লী প্রকল্প ঋণ খাতে কোন ঋণ প্রদান করা হয়নি। কৃষি ঋণ খাতে আসল আদায় ২০ লক্ষ ও মুনাফা আদায় ১৪ লক্ষ টাকা মোট আদায় ৩৪ লক্ষ টাকা। পল্লী প্রকল্প ঋণ খাতে আসল আদায় ৮ লক্ষ টাকা ও মুনাফা আদায় ৭ লক্ষ টাকা মোট আদায় ১৫ লক্ষ টাকা। পার্সোনাল ঋণ খাতে দাদন হিসেবে ৬ কোটি ১২ লক্ষ টাকা ১৬৬ জন সুবিধাভোগীকে প্রদান করা হয়েছে। পার্সোনাল ঋণ খাতে আদায় আসল ৫ কোটি টাকা ও মুনাফা আদায় ১ কোটি ২৫ লক্ষ টাকা। স্বর্ণ বন্ধকী ঋণ হিসেবে দাদন ৬ কোটি ৬৯ লক্ষ টাকা ২২৬৬ জন সুবিধাভোগীর মধ্যে বিতরণ করা হয়েছে। আসল আদায় ৫ কোটি ৩০ লক্ষ টাকা ও মুনাফা আদায় ১ কোটি ৫৩ লক্ষ টাকা। ২০২৩-২০২৪ অর্থবছরের জুলাই হতে অক্টোবর/২০২৩ পর্যন্ত মোট দাদন ১২ কোটি ৮১ লক্ষ টাকা ৯৩২ জন সুবিধাভোগীর মধ্যে বিতরণ করা হয়েছে। আসল আদায় ১০ কোটি ৯১ লক্ষ টাকা ও মুনাফা আদায় ৩ কোটি ১২ লক্ষ টাকা মোট আদায় ১৪ কোটি ৩ লক্ষ টাকা।<br><br>২০২৩-২০২৪ অর্থবছরের জুলাই হতে অক্টোবর/২০২৩ পর্যন্ত মোট আয় ৫ কোটি ৪৮ লক্ষ ৪২ হাজার টাকা ও মোট ব্যয় ৪ কোটি ৬৩ লক্ষ ২১ টাকা উদ্বৃত্ত ৮২ লক্ষ ২১ হাজার টাকা। | ১. পরবর্তী সমন্বয় সভায় বাংলাদেশ সমবায় ব্যাংক লি: এর কার্যক্রমের অগ্রগতি (ঋণ কার্যক্রম, আয়-ব্যয়ের হিসাব, প্রকল্প সংক্রান্ত, সমস্যা ও প্রতিকারে করণীয়) উপস্থাপন করতে হবে।<br><br>২. অনাদায়ী ঋণ আদায় এবং মুনাফা বৃদ্ধির বিষয়ে কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে। | মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ সমবায় ব্যাংক লি:<br><br>১. মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ সমবায় ব্যাংক লি: |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | বিভাগীয় যুগ্মনিবন্ধক, রাজশাহী সভায় বলেন, যে সকল মৎস্যজীবী সমবায় সমিতি জলাশয় ইজারা নিয়ে থাকে তাদের জলাশয় জামানত হিসেবে ধরে নিয়ে এ খাতে ঋণ প্রদান করা যায় কিনা? এ খাতে ঋণ প্রদান করা হলে মৎস্যজীবী সমবায় সমিতিগুলো উপকৃত হবে। | ৩. মৎস্যজীবী সমবায় সমিতিগুলোকে ঋণ দেয়ার বিষয়ে পূর্ণাঙ্গ প্রস্তাব সমবায় অধিদপ্তর ও বাংলাদেশ সমবায় ব্যাংককে প্রেরণ করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক, রাজশাহী |
| ০৪. | **ঘূর্ণায়মান আর্বতক তহবিল সংক্রান্ত।** | যুগ্মনিবন্ধক (উৎপাদনমুখী শিল্প) জানান, ঘূর্ণায়মান আর্বতক তহবিল সংক্রান্ত দ্বি-মাসিক ভিত্তিতে ব্যাংক স্টেটমেন্ট যাচাইপূর্বক প্রত্যয়নপত্র নির্ধারিত সময়ে পাওয়া যাচ্ছে না। এ বিষয়ে ইতিপূর্বে সকল বিভাগে পত্র দেয়া হয়েছে। | ১. প্রতি দুই মাস অন্তর ব্যাংক স্টেটমেন্ট যাচাইপূর্বক প্রত্যয়নপত্র নির্ধারিত সময়ের মধ্যে উৎপাদনমুখী শিল্প শাখায় প্রেরণ করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| | | তিনি জানান যে সকল বিভাগে ঘূর্ণায়মান আর্বতক তহবিল আদায় হার কম, সে সকল বিভাগে আদায় হার বৃদ্ধির জন্য ইতিমধ্যে পত্র দেয়া হয়েছে। | ২. ঘূর্ণায়মান আবর্তক তহবিলের ঋণ টার্গেট অনুযায়ী আদায় নিশ্চিত করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| | | সমাপ্ত প্রকল্পের সমবায় সমিতিগুলোর আবর্তক ঋণের উপর সম্পাদিত অডিট নোট পর্যালোচনা করে কোন আর্থিক অনিয়ম/অর্থ আত্মসাৎ/অসঙ্গতি পরিলক্ষিত হলে তদানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে এ দপ্তরে প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ৩. সমাপ্ত প্রকল্পের অধীন সমবায় সমিতিগুলোর অডিট নোট পর্যালোচনাপূর্বক কোন ত্রুটি বিচ্যুতি পাওয়া গেলে দায়ী কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br>২. যুগ্মনিবন্ধক (উৎপাদনমুখী শিল্প) |
| | | সকল সমাপ্ত প্রকল্পের ঋণ আদায় ও বিতরণ সংক্রান্ত রিটার্ন যথাযথ প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে মর্মে সভায় আলোচনা করা হয়। | ৪. সকল সমাপ্ত প্রকল্পের ঋণ সংক্রান্ত রিটার্ন অনলাইনে সাবমিট করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| ০৫. | **আশ্রয়ণ প্রকল্পের ঋণ কার্যক্রম সংক্রান্ত;** | আশ্রয়ণ প্রকল্পের উপকারভোগীদের মধ্যে ঋণ প্রদানের বিষয়ে গুরত্বপূর্ণভাবে আলোচনা করা হয়। আশ্রয়ণ প্রকল্প -২ এর আওতায় নতুন নিবন্ধিত সমবায় সমিতির সংখ্যা, সমিতির সদস্য সংখ্যার তথ্য এবং আশ্রয়ণ প্রকল্পের ঋণ আদায় অগ্রগতি প্রতি মাসে এ দপ্তরে প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১. আশ্রয়ণ-২ প্রকল্পের নিবন্ধিত সমবায় সমিতি সংক্রান্ত প্রতিবেদন প্রতি মাসে প্রেরণ করতে হবে। | ১. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br>২. উপনিবন্ধক (এমআইএস), সমবায় অধিদপ্তর |
| | | | ২. আশ্রয়ণ-২ প্রকল্পের ঋণ কার্যক্রম সংক্রান্ত প্রতিবেদন বিভাগওয়ারী প্রতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | ১. উপনিবন্ধক (এমআইএস), সমবায় অধিদপ্তর |
| ০৬. | **প্রশিক্ষণ কার্যক্রম সংক্রান্ত** | অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা সভায় জানান লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম শতভাগ সম্পন্ন করা সম্ভব হবে।<br><br>অধ্যক্ষ, সভায় আরো জানান বাংলাদেশ সমবায় একাডেমিতে এনএসডিএ এর আওতায় কোর্স পরিচালনা করার জন্য ইলেকট্রিক্যাল ১টি ল্যাব ও সুইং মেশিন অপারেশনের জন্য ১টি ল্যাব মোট ২টি ল্যাব স্থাপন করা প্রয়োজন। | ১. লক্ষ্যমাত্রা অনুযায়ী মানসম্মত প্রশিক্ষণ প্রদান নিশ্চিত করতে হবে। | ১. অতিরিক্ত নিবন্ধক (ইপিপি), সমবায় অধিদপ্তর<br>২. অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | বিভাগীয় যুগ্মনিবন্ধক, রাজশাহী জানান যদি বাংলাদেশ সমবায় একাডেমিতে বিচারিক কোর্স চালু করা হয়, সেক্ষেত্রে সমবায় বিভাগে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ উপকৃত হবে। যা বিভাগীয় মামলা সংক্রান্ত কাজ সম্পাদনে সহায়ক ভুমিকা পালন করবে। সেক্ষেত্রে বিচারিক কোর্স চালুর উদ্যোগ গ্রহণ করা যেতে পারে এবং মাঠ পর্যায়ে অনেক কর্মচারীর মৌলিক প্রশিক্ষণ না হওয়ায় তাদের চাকরি স্থায়ী করা সম্ভব হচ্ছে না। | ২. মাঠ পর্যায়ে সকল কর্মচারীর মৌলিক প্রশিক্ষণ সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা |
| ০৭. | **অডিট অগ্রগতি ও অডিট ফি আদায়ের অগ্রগতি;** | অডিট ফি সঠিকভাবে ধার্য ও আদায় করার বিষয়ে আলোচনা করা হয়। জেলা সমবায় কার্যালয় পরিদর্শনপূর্বক অডিট নোট পর্যালোচনা করে ধার্যকৃত অডিট ফি এর সঠিকতা যাচাই নিশ্চিত করার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আলোচনা করা হয়। | ১. অডিট নোট পর্যালোচনাপূর্বক অডিট ফি এর সঠিকতা যাচাইয়ের বিষয়টি মনিটরিং করতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (অডিট ও আইন), সমবায় অধিদপ্তর<br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| | | | ২. নির্ধারিত সময়ের মধ্যে শতভাগ অডিট সম্পাদন ও অডিট ফি আদায় শতভাগ নিশ্চিত করতে হবে। | ১.যুগ্মনিবন্ধক (অডিট ও আইন), সমবায় অধিদপ্তর<br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| ০৮. | **সমবায় উন্নয়ন তহবিলের চাঁদা আদায় সংক্রান্ত।** | ২০২১-২০২২ সনের অডিট নোটের ভিত্তিতে সঠিকভাবে সমবায় সমিতির সংখ্যা নির্ধারণ এবং সমবায় উন্নয়ন তহবিলের ধার্যকৃত চাঁদা শতভাগ আদায় নিশ্চিত করতে হবে, সমবায় উন্নয়ন তহবিল আদায় ১০০% নিশ্চিত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিভাগীয় যুগ্মনিবন্ধকগণ জেলা সমবায় কার্যালয় পরিদর্শন করে অডিট নোট পর্যালোচনাপূর্বক সমবায় উন্নয়ন তহবিলের সঠিকতা যাচাই এবং ইপিপি শাখা কর্তৃক পর্যবেক্ষণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১. ২০২১-২০২২ সনের অডিট নোটের ভিত্তিতে সঠিকভাবে সমিতির সংখ্যা নির্ধারণ এবং সমবায় উন্নয়ন তহবিলের ধার্যকৃত চাঁদা শতভাগ আদায় নিশ্চিত করতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (ইপিপি), সমবায় অধিদপ্তর<br>২.বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| | | | ২. সমবায় উন্নয়ন তহবিলের সঠিকতা যাচাইয়ের বিষয়টি মনিটরিং করতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (ইপিপি), সমবায় অধিদপ্তর<br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| ০৯. | **আদালতে বিচারাধীন মামলা সংক্রান্ত** | সভায় জানানো হয়, বিভিন্ন আদালতে মোট ৪৮০টি মামলা বিচারাধীন রয়েছে। এর মধ্যে উচ্চ আদালতে ৩৩৯টি ও নিম্ন আদালতে ১৪১টি মামলা রয়েছে। বিবেচ্য ০২ (দুই) মাসে উচ্চ আদালতে ০৭টি ও নিম্ন আদালতে ০৮টি মামলা নিষ্পত্তি হয়েছে। অবশিষ্ট মামলাগুলো দ্রুত নিষ্পত্তি করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়। মামলা সংক্রান্ত রেজিস্টার আবশ্যিকভাবে হালনাগাদ রাখার বিষয়ে আলোচনা হয়। | ১. পেন্ডিং মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২. মামলা সংক্রান্ত রেজিস্টারসমূহ যথাযথভাবে সংরক্ষণ/হালনাগাদ করতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (অডিট ও আইন), সমবায় অধিদপ্তর<br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br>৩. উপনিবন্ধক (প্রশাসন), সমবায় অধিদপ্তর |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১০. | এপিএ/ জিআরএস/ এনআইএস/আরটি আই/সিটিজেন চার্টার সংক্রান্ত বিষয়াদি; | এপিএ/জিআরএস/এনআইএস/আরটিআই সংক্রান্ত বিষয়গুলো লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাসময়ে বাস্তবায়ন এবং সিটিজেন চার্টার ত্রৈমাসিক ভিত্তিতে বিভাগীয় পর্যায়, জেলা পর্যায় এবং উপজেলা পর্যায়ে হালনাগাদ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। এপিএর মাস ভিত্তিক কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়। | ১.এপিএ/জিআরএস/এনআইএস/আরটিআই সংক্রান্ত বিষয়গুলো নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করতে হবে এবং সংশ্লিষ্ট প্রতিবেদনসমূহ যথাসময়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। | ১. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br>২. ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এপিএ/জিআরএস/ এনআইএস/আরটি আই,<br>সমবায় অধিদপ্তর |
| | | | ২. সিটিজেন চার্টার ত্রৈমাসিক ভিত্তিতে বিভাগীয় পর্যায়, জেলা পর্যায় এবং উপজেলা পর্যায়ে হালনাগাদ রাখতে হবে। | ১. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br>২. ফোকাল পয়েন্ট কর্মকর্তা, এপিএ বাস্তবায়ন কমিটি<br>সমবায় অধিদপ্তর |
| ১১. | **রাজস্ব অডিট আপত্তি সংক্রান্ত** | সমবায় অধিদপ্তর ও এর আওতাধীন দপ্তর সমূহের মোট অনিষ্পন্ন রাজস্ব অডিট আপত্তির সংখ্যা ৩৪৩টি। সমবায় অধিদপ্তর সদর কার্যালয়ের অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ৩৫টি এবং সমবায় অধিদপ্তরের আওতাধীন মাঠপর্যায়ের অডিট আপত্তির সংখ্যা ৩০৮টি। তন্মধ্যে অগ্রিম অনুচ্ছেদের সংখ্যা ৮৭টি এবং সাধারণ অনুচ্ছেদের সংখ্যা ২৫৬টি। সমবায় অধিদপ্তরের আওতাধীন মাঠপর্যায়ের দপ্তর সমূহের ৩০৮টি অনিষ্পন্ন অডিট আপত্তির ব্রডশীট জবাব এ দপ্তরে প্রেরণের জন্য স্মারক নং- ৪৭.৬১.০০০০.০০৫.০১.০০২.২২-৩৭, তারিখ- ১/১০/২০২৩খ্রি. মূলে পত্র প্রেরণ করা হয়েছে। উক্ত ব্রডশীট জবাব প্রাপ্তির পর ত্রি-পক্ষীয় ও দ্বি-পক্ষীয় সভার আয়োজন করা হবে। অনিষ্পন্ন অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে ৮৭টি অগ্রিম অনুচ্ছেদের ক্ষেত্রে ত্রি-পক্ষীয় সভা এবং ২৫৬টি সাধারণ অনুচ্ছেদের ক্ষেত্রে দ্বি-পক্ষীয় সভা করে আপত্তি সমূহ নিষ্পত্তির প্রচেষ্টা অব্যাহত রয়েছে। | ১. অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br>২. উপনিবন্ধক (ফাইন্যান্স),<br>সমবায় অধিদপ্তর |
| | | | ২. দ্বি-পক্ষীয় বা ত্রিপক্ষীয় সভা আয়োজনের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br>২. উপনিবন্ধক (ফাইন্যান্স),<br>সমবায় অধিদপ্তর |
| | | | ৩. সমন্বয় সভায় অডিট আপত্তি সংক্রান্ত তথ্য উপস্থাপন করতে হবে। | ১. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br>২. উপনিবন্ধক (ফাইন্যান্স),<br>সমবায় অধিদপ্তর |
| ১২. | **ঝুঁকিপূর্ণ সমবায় সমিতি সংক্রান্ত।** | ঝুঁকিপূর্ণ সমবায় সমিতি মনিটরিং, চিহ্নিতকরণ, ঝুঁকি হ্রাসের উদ্যোগ গ্রহণ ও সমিতির তালিকার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া ঝুঁকিপূর্ণ সমবায় সমিতির তথ্য প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। | ১. ঝুঁকিপূর্ণ সমবায় সমিতি মনিটরিং, চিহ্নিতকরণ এবং ঝুঁকি হ্রাসের বিষয়ে গৃহীত উদ্যোগ অব্যাহত রাখতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (মা.ক্রে.গৃ.মওবি),<br>সমবায় অধিদপ্তর<br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| | | | ২.ঝুঁকিপূর্ণ সমবায় সমিতির হালনাগাদ তথ্য নিয়মিত প্রেরণ করতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (মা.ক্রে.গৃ.মওবি),<br>সমবায় অধিদপ্তর<br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| ১৩. | **অনিষ্পন্ন বিষয়াদি** | নির্ধারিত ছক অনুযায়ী অনিষ্পন্ন বিষয়াদির তালিকা প্রতি দ্বি-মাসিক সভায় উপস্থাপন করার বিষয়ে সভায় আলোচনা করা হয় এবং দ্রুত সময়ের মধ্যে অনিষ্পন্ন বিষয়াদি নিষ্পত্তির উদ্যোগ গ্রহণের বিষয়ে আলোচনা | ১. অনিষ্পন্ন বিষয়াদি দ্রুত সময়ের মধ্যে নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করতে হবে। | যুগ্মনিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স),<br>সমবায় অধিদপ্তর |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | করা হয়। | ২. নির্ধারিত ছক মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে রিপোর্ট/রিটার্ন/তথ্য প্রেরণ নিশ্চিত করতে হবে। | ১. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br>২. উপনিবন্ধক (প্রশাসন) |
| | | | ৩. অনিষ্পন্ন বিষয়াদির তালিকা প্রেরণের বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল)<br>২. উপনিবন্ধক (প্রশাসন) |
| ১৪. | **সমবায় সমিতির নিবন্ধন সংক্রান্ত।** | প্রাথমিক, কেন্দ্রীয় এবং জাতীয় সমিতি সংখ্যা, সমিতির নিবন্ধন ও বাতিল সংক্রান্ত হালনাগাদ প্রতিবেদন যথা সময়ে সংশ্লিষ্ট শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে মর্মে সভায় আলোচনা করা হয়। | ১. সমবায় সমিতি নিবন্ধন ও বাতিল সংক্রান্ত তথ্য, কার্যকর ও অকার্যকর সমবায় সমিতির তথ্য হালনাগাদ রাখতে হবে এবং এ সংক্রান্ত তথ্য প্রতি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। | ১. যুগ্মনিবন্ধক (অডিট ও আইন)<br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| ১৫. | **অফিস পরিদর্শন** | মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের কার্যক্রমের গতিশীলতা আনয়নে মনিটরিং ও পরিদর্শনের গুরুত্ব অপরিসীম। এ বিষয়ে সকলকে কার্যকর ভূমিকা পালন করতে হবে। বিভাগীয় যুগ্মনিবন্ধকগণ কর্তৃক অফিস পরিদর্শন প্রতিবেদন নিয়মিত এ দপ্তরে প্রেরণ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | ১. অফিস মনিটরিং ও পরিদর্শন কার্যক্রম জোরদার করতে হবে। | ১. অতিরিক্ত নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স),<br>২. বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| | | | ২. অফিস পরিদর্শন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ নিশ্চিত করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |
| ১৬ | স্ব-স্ব দপ্তরের (বিভাগ/জেলা/উপজেলা) ওয়েব সাইটসমূহের কনটেন্ট নিয়মিত হালনাগাদকরণ | স্ব-স্ব দপ্তরের (বিভাগ/জেলা/উপজেলা) ওয়েব সাইটসমূহের কনটেন্ট নিয়মিত হালনাগাদকরণ করতে হবে মর্মে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | স্ব-স্ব দপ্তরের (বিভাগ/জেলা/উপজেলা) ওয়েব সাইটসমূহের তথ্যসমূহ নিয়মিত হালনাগাদ করতে হবে। | বিভাগীয় যুগ্মনিবন্ধক (সকল) |

পরিশেষে সভাপতি সমবায় অধিদপ্তরের সকল কাজের গতিশীলতা বৃদ্ধি করে জনগণের প্রত্যাশিত সেবা যথাসময়ে প্রদান নিশ্চিতকরণ এবং সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৫/১১/২০২৩

মুনিমা হাফিজ
নিবন্ধক ও মহাপরিচালক
সমবায় অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং-৪৭.৬১.০০০০.০০৬.০৬.০০৪.০০(৫ম খন্ড)-১৫০ (৬০) স/মূ;

তারিখ: ১৬/১১/২০২৩ খ্রি.

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২। অতিরিক্ত নিবন্ধক (প্রশাসন, মাসউ ও ফাইন্যান্স) / (সমিতি ব্যবস্থাপনা) / (অডিট ও আইন) / (ইপিপি), সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৩। অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা।
০৩। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ইউনিয়ন)।
০৪। মহাব্যবস্থাপক (ভারপ্রাপ্ত), বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড।
০৫। প্রকল্প পরিচালক, 'দুগ্ধ ঘাটতি উপজেলায় দুগ্ধ সমবায়ের কার্যক্রম সম্প্রসারণ' শীর্ষক প্রকল্প, সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৬। যুগ্মনিবন্ধক (সকল), সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৭। যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, ঢাকা /চট্টগ্রাম /রাজশাহী /খুলনা /বরিশাল /সিলেট /রংপুর /ময়মনসিংহ।
০৮। উপনিবন্ধক (সকল), সমবায় অধিদপ্তর, ঢাকা।
০৯। উপনিবন্ধক (এমআইএস), সমবায় অধিদপ্তর, ঢাকা। তাঁকে সভার কার্যবিবরণীটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১০। সহকারী নিবন্ধক (সকল), সমবায় অধিদপ্তর, ঢাকা।
১১। নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী (নিবন্ধক ও মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৬.১১.২০২৩

(তানিয়া আক্তার)
সহকারী নিবন্ধক (সমন্বয় ও কর্মমূল্যায়ন)
সমবায় অধিদপ্তর, ঢাকা।
ar.coordination@gmail.com